গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

নং ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৭৫.০০০২.২৬-৯৫

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১২ মে ২০২৬ খ্রিস্টাব্দ

**মাধ্যমিক ও সমমান পর্যায়ে (৬ষ্ঠ-১০ম শ্রেণিতে) ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি সহায়তার আবেদন এন্ট্রির বিজ্ঞপ্তি ২০২৬**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অধীন দেশের সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৬ সালে মাধ্যমিক ও সমমান পর্যায়ে ৬ষ্ঠ-১০ম শ্রেণিতে ভর্তিকৃত/অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে ভর্তি সহায়তা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত সময়সূচি ও নির্দেশিকা অনুসারে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের 'ই-ভর্তি সহায়তা ব্যবস্থাপনা পদ্ধতি' https://www.eservice.pmeat.gov.bd/admission লিংকে প্রবেশ করে নিম্নে উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে:

২। মাধ্যমিক ও সমমান পর্যায়ে ২০২৬ সালে ৬ষ্ঠ-১০ম শ্রেণিতে ভর্তিকৃত/অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থী কর্তৃক আবেদন করার তারিখ ও সময়: **১৪ মে/২০২৬ খ্রি. সকাল ০৯:০০ টা থেকে ১৪ জুন/২০২৬ খ্রি. রাত ১১:৫৯ টা** পর্যন্ত।

৩। 'শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৬' অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলি প্রতিপালন করতে হবে:

- মেধাবী হিসেবে শিক্ষার্থীর পূর্বের শ্রেণিতে শতকরা ন্যূনতম ৬০ নম্বরপ্রাপ্ত অথবা জিপিএ ৫.০০ এর ক্ষেত্রে ৩.৫০ প্রাপ্তির কপি আপলোড করতে হবে;
- এতিম শিক্ষার্থী, প্রতিবন্ধী শিক্ষার্থী/অভিভাবক, দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত শিক্ষার্থী/অভিভাবক, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধার সন্তান, হতদরিদ্র শিক্ষার্থী (অভিভাবক নিম্ন আয়ের শ্রমিক) এবং 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ২০তম গ্রেডের সরকারি কর্মচারীর সন্তান ভর্তি সহায়তার আবেদনের ক্ষেত্রে এর সমর্থনে প্রমাণকের কপি আবশ্যিকভাবে আপলোড করতে হবে;
- পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ৩ (তিন) লক্ষ টাকা বা তার কম হতে হবে;
- শিক্ষার্থী হতদরিদ্র পরিবারের সন্তান মর্মে ইউনিয়ন পরিষদের চেয়্যারম্যান/পৌরসভা বা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের কপি আপলোড করতে হবে; এবং
- ট্রাস্ট কর্তৃক নির্ধারিত ফরমে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন, শিক্ষার্থীর জন্মনিবন্ধন কপি, পিতা ও মাতার এনআইডি কপি, শিক্ষার্থীর ১ কপি ছবি এবং শিক্ষার্থী অথবা পিতা বা মাতা'র অনলাইন ব্যাংক একাউন্ট এর তথ্যের স্পষ্ট কপি আবশ্যিকভাবে আপলোড করতে হবে।

৪। কার্যক্রমটি অনলাইন ভিত্তিক হওয়ায় আবেদনের হার্ড কপি প্রেরণের প্রয়োজন নেই। ভর্তি সহায়তা সংক্রান্ত হেল্পলাইনঃ **০২-৫৫০০০৪২৮, ০১৭৭৮৯৫৮৩৫৬ ও ০১৭৭৮৯৬৪১৫৬** (অফিস চলাকালীন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত)।

১২/৫/২০২৬
(স্মৃতি কর্মকার)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫০০০৯২২
ই-মেইল: md@pmeat.gov.bd

# শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০০০.০০৩.০৭৫.০০২.২৬-২৯

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৬।**

অর্থের অভাবে শিক্ষার সুযোগ বঞ্চিত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে শিক্ষার্থীদের বিভিন্ন ধরণের আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। যেহেতু শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত ও আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদানের জন্য বিদ্যমান নির্দেশিকাটি যুগোপযোগী করা সমীচীন ও প্রয়োজনীয় সেহেতু এতদ্বারা নিম্নরূপ নির্দেশিকা (guideline) জারি করা হ'ল:

২। **শিরোনাম:**

এ নির্দেশিকা 'শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৬' নামে অভিহিত হবে।

৩। **প্রয়োগ ও প্রবর্তন:**

(১) এ নির্দেশিকা জারির তারিখ হতে কার্যকর হবে;

(২) দেশের সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান পর্যায়ের অসচ্ছল পরিবারের ভর্তিকৃত মেধাবী শিক্ষার্থীদের জন্য এ নির্দেশিকা প্রযোজ্য হবে;

৪। **সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকলে এ নির্দেশিকায়:

(১) 'ভর্তি সহায়তা' অর্থ - এ নির্দেশিকায় বর্ণিত ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে প্রদত্ত আর্থিক সহায়তা;

(২) 'প্রাথমিক যাচাই-বাছাই কমিটি' অর্থ - এ নির্দেশিকার ৯.১ নং অনুচ্ছেদ অনুযায়ী গঠিত কমিটি;

(৩) 'বাছাই কমিটি' অর্থ - এ নির্দেশিকার ৯.২ নং অনুচ্ছেদ অনুযায়ী গঠিত কমিটি;

(৪) 'শিক্ষার্থী' অর্থ - ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থী;

(৫) 'শিক্ষা প্রতিষ্ঠান' অর্থ - ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান পর্যায়ের পাঠদানের অনুমতিপ্রাপ্ত EIIN নম্বরধারী সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান;

(৬) 'ট্রাস্ট' অর্থ - প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

(৭) 'আবেদনপত্র' অর্থ - ট্রাস্ট কর্তৃক আবেদনের নির্ধারিত ফরম;

(৮) 'অসচ্ছল পরিবার' অর্থ - পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ৩ (তিন) লক্ষ টাকার কম;

(৯) 'মেধাবী' অর্থ - পূর্বের শ্রেণিতে শতকরা ন্যূনতম ৬০ অথবা সমমানের জিপিএ প্রাপ্ত শিক্ষার্থী;

(১০) 'তহবিল' অর্থ - প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের চলতি তহবিল;

(১১) 'অভিভাবক' অর্থ- পিতা/মাতা অথবা পিতা ও মাতার মৃত্যুজনিত বা অন্য কোনো কারণে শিক্ষার্থী সম্পূর্ণরূপে যার উপর নির্ভরশীল; এবং

(১২) 'কর্তৃপক্ষ' অর্থ - প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

৫। **বিজ্ঞপ্তি প্রকাশ:**

(১) ট্রাস্ট কর্তৃক শিক্ষার্থীদের আবেদন গ্রহণের লক্ষ্যে প্রতি শিক্ষাবছরে প্রয়োজন অনুযায়ী ২ (দু'টি) টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক বাংলা পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে আবেদন আহবান করা হবে;

(২) বিজ্ঞপ্তির কপি শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীনস্ত সকল অধিদপ্তর ও দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হবে; এবং

(৩) এছাড়াও, শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রেরণের জন্য উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়ে বিজ্ঞপ্তির কপি প্রেরণ করা হবে।

৬। **ভর্তি সহায়তা প্রাপ্তির শর্তাবলি:**

(১) বিজ্ঞপ্তি প্রকাশের পর মাধ্যমিক ও সমমান শ্রেণিতে (৬ষ্ঠ থেকে ১০ম) ভর্তিকৃত, উচ্চ-মাধ্যমিক ও সমমান শ্রেণিতে (একাদশ ও আলিম ১ম বর্ষে) ভর্তিকৃত এবং স্নাতক ও সমমান শ্রেণিতে (স্নাতক/ফাজিল পাস ও অনার্স কোর্সে ১ম বর্ষে) ভর্তিকৃত শিক্ষার্থীকে ট্রাস্ট কর্তৃক নির্দিষ্ট সময়ে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে **(আবেদন ছক সংযোজনী- "ক");**

(২) আবেদনপত্রের সাথে চাহিত তথ্যাদি/কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে;

(৩) পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ৩ (তিন) লক্ষ টাকার কম হতে হবে;

(৪) এতিম শিক্ষার্থী, প্রতিবন্ধী শিক্ষার্থী/অভিভাবক, দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত শিক্ষার্থী/অভিভাবক, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধার সন্তান, হতদরিদ্র শিক্ষার্থী (অভিভাবক নিম্ন আয়ের শ্রমিক) এবং 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ২০তম গ্রেডের সরকারি কর্মচারীর সন্তান ভর্তি সহায়তার আবেদন করতে পারবেন; এবং

(৫) গণমাধ্যমে প্রকাশিত/প্রচারিত অসচ্ছল পরিবারের 'অদম্য মেধাবী' শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদানের জন্য ট্রাস্ট স্ব-উদ্যোগে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৭। **ভর্তি সহায়তার পরিমাণ:**

আবেদন প্রাপ্তির পর যাচাই-বাছাই করে উপযুক্ত বিবেচিত হলে শিক্ষার্থী প্রতি মাধ্যমিক ও সমমান পর্যায়ে ৪,০০০ (চার হাজার) টাকা, উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ে ৬,০০০ (ছয় হাজার) টাকা এবং স্নাতক ও সমমান পর্যায়ে ৮,০০০ (আট হাজার) টাকা হারে ভর্তি সহায়তা বাবদ প্রদান করা হবে।

৮। **ভর্তি সহায়তা তহবিলের উৎস:**

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের চলতি তহবিল থেকে ভর্তি সহায়তার অর্থ প্রদান করা হবে।

৯। **ভর্তি সহায়তা নির্বাচন সংক্রান্ত কমিটিসমূহ:**

৯.১ **প্রাথমিক যাচাই বাছাই কমিটি:** নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে প্রাথমিক যাচাই বাছাই কমিটি গঠিত হবে-

| ক্র. নং | বিস্তারিত বিবরণ | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১. | পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সভাপতি |
| ২. | উপ-পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৩. | সহকারী পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৪. | সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৫. | প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৬. | সহকারী পরিচালক (উপবৃত্তি), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য-সচিব |

**প্রাথমিক যাচাই বাছাই কমিটির কার্যপরিধি:**

(ক) বাছাই কমিটির সভায় উপস্থাপনের পূর্বে প্রাপ্ত আবেদনসমূহ নির্দেশিকার আওতায় প্রাথমিক পর্যালোচনা ও যাচাই-বাছাইপূর্বক ভর্তি সহায়তা প্রাপ্তির জন্য যোগ্য ও অযোগ্য শিক্ষার্থীর তালিকা প্রস্তুত করা; এবং

(খ) প্রাথমিক যাচাই বাছাই কমিটি যৌক্তিক সংখ্যক সভায় মিলিত হবে।

প্রয়োজনবোধে উপযুক্ত ব্যক্তিকে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করা যাবে।

৯.২ **বাছাই কমিটি:** নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে বাছাই কমিটি গঠিত হবে-

| ক্র. নং | বিস্তারিত বিবরণ | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১. | ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সভাপতি |
| ২. | পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৩. | উপপরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৪. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব পর্যায়ের ০১ জন প্রতিনিধি | সদস্য |
| ৫. | বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের উপপরিচালক পর্যায়ের ০১ জন প্রতিনিধি | সদস্য |
| ৬. | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক পর্যায়ের ০১ জন প্রতিনিধি | সদস্য |
| ৭. | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক পর্যায়ের ০১ জন প্রতিনিধি | সদস্য |
| ৮. | মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক পর্যায়ের ০১ জন প্রতিনিধি | সদস্য |
| ৯. | প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ১০. | সহকারী পরিচালক (উপবৃত্তি), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য-সচিব |

**বাছাই কমিটির কার্যপরিধি:**

(ক) প্রাথমিক যাচাই বাছাই কমিটি কর্তৃক প্রাথমিকভাবে বাছাইকৃত আবেদনের মধ্য থেকে নির্দেশিকা অনুযায়ী উপযুক্ত শিক্ষার্থীর আবেদন মূল্যায়নপূর্বক শিক্ষার্থীর তালিকা প্রস্তুত করবে; এবং

(খ) বাছাই কমিটি যৌক্তিক সংখ্যক সভায় মিলিত হবে।

প্রয়োজনবোধে উপযুক্ত ব্যক্তিকে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করা যাবে।

১০। **ভর্তি সহায়তা প্রদান পদ্ধতি:**

(১) ভর্তি সহায়তার অর্থ শিক্ষার্থী অথবা পিতা বা মাতা'র অনলাইন ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে; এবং

(২) শিক্ষার্থীর পিতা ও মাতা জীবিত না থাকলে শিক্ষার্থীর স্কুল ব্যাংকিং একাউন্টে ভর্তি সহায়তার অর্থ প্রেরণ করা হবে।

১১। **শিক্ষার্থীর সংখ্যা নির্ধারণ:**

(১) প্রত্যেক উপজেলা/শিক্ষা থানা এলাকায় প্রতি শিক্ষাবর্ষে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি ও সমমান শ্রেণিতে ভর্তিকৃত সর্বোচ্চ ২০ (বিশ) জন শিক্ষার্থী, একাদশ ও সমমান শ্রেণিতে ভর্তিকৃত সর্বোচ্চ ১০ (দশ) জন নির্বাচিত শিক্ষার্থীর মাঝে ভর্তি সহায়তা অর্থ প্রদান করা হবে;

(২) স্নাতক ও সমমান পর্যায়ের ক্ষেত্রে ১১(১)-এ বর্ণিত শর্ত প্রযোজ্য হবে না। তবে এক্ষেত্রে শিক্ষার্থীর সংখ্যা সর্বোচ্চ ২০০০ (দুই হাজার) জন হবে; এবং

(৩) ট্রাস্টের তহবিলের পর্যাপ্ততার ভিত্তিতে শিক্ষার্থীর সংখ্যা হ্রাস-বৃদ্ধি করা যাবে।

**১২। সংশোধনী:**

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট সময়ে সময়ে প্রয়োজনে এ নির্দেশিকার যে কোনো অংশ সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন করতে পারবে। নির্দেশিকায় কোনো বাক্য বা শব্দের অস্পষ্টতা থাকলে বা কোনো ব্যাখ্যার প্রয়োজন হলে ট্রাস্ট তার ব্যাখ্যা প্রদান করবে।

**১৩। রহিতকরণ ও হেফাজত:**

(১) নিম্নবর্ণিত নির্দেশিকা এতদ্দারা রহিত করা হ'ল-

(ক) 'দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০' অত:পর উক্ত নির্দেশিকা বলিয়া উল্লিখিত, এতদ্দারা রহিত করা হলো।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও-

(ক) উক্ত নির্দেশিকার অধীন কৃত কোন কাজ বা গৃহীত ব্যবস্থা এ নির্দেশিকার অধীন কৃত বা গৃহীত হয়েছে বলে গণ্য হবে; এবং

(খ) উক্ত নির্দেশিকার অধীন গৃহীত কোন কার্য বা ব্যবস্থা অনিষ্পন্ন বা চলমান থাকলে উহা উক্ত নির্দেশিকার বিধান অনুসারে নিষ্পত্তি করতে হবে।

০১/০৮/২০২৩

(স্মৃতি কর্মকার)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

PMEAT: AF-1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

এক কপি পি পি সাইজের রঙিন ছবি আঠা/পিন দিয়ে লাগাতে হবে।

## শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রাপ্তির আবেদন ফরম

[৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণির অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের জন্য]

বরাবর
ব্যবস্থাপনা পরিচালক
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
ধানমন্ডি, ঢাকা-১২০৯।

**বিষয়: ভর্তি সহায়তা প্রাপ্তির আবেদন।**

মহোদয়,

আমি---------------------------------------------------------- নিম্নস্বাক্ষরকারী ---------------------------- শিক্ষাবর্ষ/সালে---------------------শ্রেণিতে -------------------------শাখা/বিভাগ/বিষয়ের ভর্তিকৃত শিক্ষার্থী হিসাবে ভর্তি সহায়তা প্রাপ্তির আবেদন করছি।

### (ক) শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য:

(১) শিক্ষার্থীর নাম: ----------------------------------------------------------------------------বৈবাহিক অবস্থা: বিবাহিত/অবিবাহিত (টিক √ চিহ্ন দিন)

(২) পিতার নাম: ---------------------------------------------------------------------- এনআইডি নম্বর: ----------------------------------------------

(৩) মাতার নাম: ---------------------------------------------------------------------- এনআইডি নম্বর: ----------------------------------------------

(৪) পিতা-মাতার অবর্তমানে অভিভাবকের নাম:------------------------------------------ এনআইডি নম্বর: ----------------------------------------------

['অভিভাবক' অর্থ- পিতা/মাতা অথবা পিতা ও মাতার মৃত্যু বা অন্য কোনো কারণে শিক্ষার্থী সম্পূর্ণরূপে যার উপর নির্ভরশীল।]

(৫) শিক্ষার্থীর জন্ম তারিখ (জন্ম সনদ/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী আবশ্যকীয়): ----------------------------------------------------------------------

(৬) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর: ------------------------------------------ এনআইডি নম্বর (যদি থাকে): ----------------------------------------------

(৭) শিক্ষার্থীর বোর্ড/বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর (যদি থাকে): ----------------------------------------------------------------------------

(৮) শিক্ষার্থীর মোবাইল নম্বর (যদি থাকে) :---------------------------------- পিতা/মাতা/অভিভাবকের মোবাইল নম্বর :---------------------------------

(৯) **স্থায়ী ঠিকানা:**
(ক) বাড়ি/গ্রাম : ---------------------------------------- (খ) ইউনিয়ন/পৌরসভা :----------------------------(গ) ডাকঘর : ------------------------------
(ঘ) উপজেলা/থানা : --------------------------------- (ঙ) জেলা : ------------------------------------ (চ) বিভাগ : ------------------------------------

(১০) **বর্তমান ঠিকানা:**
(ক) বাড়ি/গ্রাম : ---------------------------------------- (খ) ইউনিয়ন/পৌরসভা :----------------------------(গ) ডাকঘর : ------------------------------
(ঘ) উপজেলা/থানা : --------------------------------- (ঙ) জেলা : ------------------------------------ (চ) বিভাগ : ------------------------------------

### (খ) শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য:

(১) ভর্তিকৃত শিক্ষা প্রতিষ্ঠানের নাম: ------------------------------------------------------------------------------------ EIIN নং: -------------------

(২) শিক্ষা প্রতিষ্ঠানের ঠিকানা: (ক) উপজেলা/থানা: ---------------------------- (খ) জেলা: ------------------------- (গ) বিভাগ: --------------------

(৩) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের নাম: ------------------------------------------------------------------------------------------------

(৪) শিক্ষাস্তর: (আবশ্যিকভাবে টিক √ চিহ্ন দিতে হবে) ☐ মাধ্যমিক ও সমমান ☐ উচ্চ মাধ্যমিক ও সমমান ☐ স্নাতক (পাস/সম্মান) ও সমমান।

(৫) শিক্ষা প্রতিষ্ঠানের ফোন (অফিস)/মোবাইল নম্বর :----------------------------------------------------------------------------------------------

### (গ) শিক্ষার্থীর পূর্ববর্তী শ্রেণির পরীক্ষা সম্পর্কিত তথ্য:

(১) শিক্ষা প্রতিষ্ঠানের নাম :------------------------------------------------------------------ (শিক্ষার্থী যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে পূর্ববর্তী শ্রেণি পাস করেছে)

(২) পূর্ববর্তী শ্রেণিতে উত্তীর্ণ/পাসের বছর : ------------------ গ্রুপ/বিভাগ : -------------------------- শিক্ষাবর্ষ (প্রযোজ্য ক্ষেত্রে) : ----------------------

(৩) বোর্ডের নাম :-------------------------------------------- প্রাপ্ত নম্বর/জিপিএ :----------------------------------------------------------------

**(ঘ) শিক্ষার্থীর অভিভাবকের আর্থিক অবস্থা সংক্রান্ত তথ্য:**

(১) পিতা/মাতা/অভিভাবকের নাম: ---------------------------------------------------------------- পেশা :----------------------------------------------

(২) আবেদনকারী শিক্ষার্থীর পরিবারের মোট কতজন সদস্য শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করছে :-----------------------------------------------------------------

(৩) পরিবারের সদস্য সংখ্যা : ------------------------------ জন; পরিবারে উপার্জনরত সদস্য সংখ্যা : ---------------------------------------------- জন

(৪) পিতা/মাতা/ অভিভাবকের বার্ষিক আয় : ------------------------------------------------------------------------------------------------------- টাকা

**(ঙ) কোন্ ক্যাটাগরির শিক্ষার্থী (প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষার্থীকে আবশ্যিকভাবে টিক √ চিহ্ন দিতে হবে):**

☐ এতিম শিক্ষার্থী ☐ প্রতিবন্ধী শিক্ষার্থী ☐ প্রতিবন্ধী অভিভাবক ☐ দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত শিক্ষার্থী ☐ দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত অভিভাবক ☐ অসচ্ছল বীর মুক্তিযোদ্ধার সন্তান ☐ হতদরিদ্র শিক্ষার্থী (অভিভাবক নিম্ন আয়ের শ্রমিক) ☐ জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ২০তম গ্রেডের কর্মচারীর সন্তান।

**(চ) আবেদনকারী শিক্ষার্থী/পিতা/মাতা'র ব্যাংক হিসাবের তথ্য (আবশ্যিকভাবে ইংরেজিতে লিখতে হবে):**

ব্যাংক হিসাবধারীর নাম: -----------------------------------------------------------------------------------------------

ব্যাংক হিসাবধারীর পরিচয় : (আবশ্যিকভাবে টিক √ চিহ্ন দিতে হবে) ☐ পিতা ☐ মাতা ☐ শিক্ষার্থী

ব্যাংক হিসাব নম্বর: -----------------------------------------------------------------------------------------------

ব্যাংকের নাম: -----------------------------------------------------------------------------------------------

শাখার নাম ও ঠিকানা: -----------------------------------------------------------------------------------------------

শাখার রাউটিং নম্বর : -----------------------------------------------------------------------------------------------

হিসাবধারীর এনআইডি/জন্মনিবন্ধন নম্বর : -----------------------------------------------------------------------------

নিবেদক

আবেদনকারী শিক্ষার্থীর স্বাক্ষর:

নাম:--------------------------------------------------------

তারিখ:------------------------------------------------------

**আবেদনের সাথে নিম্নোক্ত কাগজ-পত্রাদি সংযুক্ত/আপলোড করতে হবে :**

১. শিক্ষার্থীর সদ্যতোলা এক কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

২. শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের কপি।

৩. শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্রের কপি (যদি থাকে)।

৪. শিক্ষার্থীর অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের কপি।

৫. শিক্ষার্থীর পূর্ববর্তী শ্রেণির প্রাপ্ত নম্বরপত্রের কপি।

৬. শিক্ষার্থী দরিদ্র ও মেধাবী মর্মে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নের কপি।

৭. এতিম শিক্ষার্থী, প্রতিবন্ধী শিক্ষার্থী/অভিভাবক, দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত শিক্ষার্থী/অভিভাবক, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধার সন্তান হলে এর সমর্থনে প্রমাণকের কপি।

৮. জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ২০তম গ্রেডের কর্মচারীর সন্তানের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট অফিস প্রধান কর্তৃক প্রদত্ত বেতন গ্রেড সংক্রান্ত প্রত্যয়নের কপি।

৯. অভিভাবক নিম্ন আয়ের শ্রমিক এবং শিক্ষার্থী হতদরিদ্র পরিবারের সন্তান মর্মে স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা ও সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নের কপি।